ঢাকা ওয়াসা

বিষয়ঃ রাজস্ব জোন-৬ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানি ও পয়ঃ বকেয়া বিল আদায়ের লক্ষ্যে পরিচালিতব্য ভ্রাম্যমান আদালতের খরচ মিটানোর জন্য অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

১। রাজস্ব জোন ৬ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানি ও পয়ঃ বকেয়া বিল আদায়ের লক্ষ্যে আগামী ০৩/০৭/২০২৫ ও ০৭/০৭/২০২৫ইং তারিখ মোট ২ (দুই) দিন ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য ঢাকা ওয়াসার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত-০১ এর স্মারক নং-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫/৩১ তারিখঃ ১৯/০৬/২০২৫ইং এর মাধ্যমে কর্মসূচী জারী করা হয়েছে। ভ্রাম্যমান আদালত চলাকালে রাজস্ব জোন-৬ এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীসহ, পুলিশ ফোর্স উপস্থিত থাকবেন। ভ্রাম্যমান আদালতের সার্বিক কাজে উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণের আপ্যায়ন এবং পুলিশ ফোর্স সহ বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি ভাতা ও গাড়ী ভাড়া ইত্যাদি খরচ বাবদ ২ (দুই) দিনে ২০,০০০/- (বিশ হাজার) টাকা আর্থিক বরাদ্দের প্রয়োজন। সম্ভাব্য খরচের ব্রেক-আপ নিম্নরুপঃ-

ক) বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি বাবদ-	২,০০০/- × ২ দিন	= ৪,০০০/-
খ) পুলিশ ফোর্সের আপ্যায়ন বাবদ-	৩,৫০০/- × ২ দিন	= ৭,০০০/-
গ) গাড়ী ভাড়া বাবদ	২,০০০/- × ২ দিন	= ৪,০০০/-
ঘ) ভ্রাম্যমান আদালতের সহিত সংশ্লিষ্ট কর্মকর্তা- কর্মচারীগনের আপ্যায়ন খরচ বাবদ	২,৫০০/- × ২ দিন	= ৫,০০০/-
মোট		= ২০,০০০/-

২। উল্লেখ্য যে, বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মুঃ রাসেদুজ্জামান, আদালত-০১ এর মাধ্যমে রাজস্ব জোন-৬-এ আগামী ০৩/০৭/২০২৫ ও ০৭/০৭/২০২৫ইং তারিখ ভ্রাম্যমান আদালত পরিচালিত হবে (কপি সংযুক্ত)।

৩। এমতাবস্থায়, বিশেষ অভিযান পরিচালনার জন্য বর্ণিত খাতের খরচ মিটানোর লক্ষ্যে (১০,০০০+১০,০০০) = সর্বমোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা 'স্পেশাল ড্রাইভ' খাত হতে পি.পি.আর ২০০৮ এর ৮১(১) ধারা অনুযায়ী অস্থায়ী অগ্রীম হিসাবে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-৬ এর অনুকূলে প্রদানের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। এ অগ্রীমের টাকা পরবর্তীতে সমন্বয়ের জন্য খরচের ভাউচার হিসাব বিভাগে প্রেরণ করা হবে।

২৩.০৬.২৫
সফিকুল ইসলাম
সহকারী রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-৬,
ঢাকা ওয়াসা।

DCRO

২৬.৬.২৫
মোঃ এনায়েত করিম
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
রাজস্ব জোন-৬, ঢাকা ওয়াসা।

CRO

৪। প্রস্তাব অনুমোদন

০১/০৭/২৫
মোঃ মাহবুবর রহমান
(উপসচিব)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

DCRO (Z-06)

P.T.O

Note sheet

৫। আলোচনা হয়েছে। আলোচনা মোতাবেক পূর্ব পৃষ্ঠার নোট অনুচ্ছেদ ৩ এর প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারে।

২০.৭.২৫
মোঃ এনায়েত করিম
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
রাজস্ব জোন-৬, ঢাকা ওয়াসা।

CRO/SW
২৪/০৭/২৫
মোঃ মাহবুবর রহমান
(উপসচিব)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

২৬/৭/২০২৫
এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

২৬/৭/২৫
মোঃ মুস্তাফিজুর রহমান
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ঢাকা ওয়াসা

২৭/৭/২০২৫
এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

CRO
২৭/০৭/২৫
মোঃ মাহবুবর রহমান
(উপসচিব)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

DCRO(Z-06)

ARO-4
20.9.25